

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৩০৬/২০১৫-২০১৬/(২০১৮-২০১৯)/

তারিখঃ ০১.১১.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব অমিত কুমার সাহা, কর্মকর্তা, বিকেবি, নরসিংদী শাখা, নরসিংদী। আপনি উক্ত শাখায় কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৮ প্রবিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে ২৭/২০১৫-২০১৬ নম্বর বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজু করিয়া ২১.০১.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৩০৬/২০১৫-২০১৬/১৯২২ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব অমিত কুমার সাহা আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ),(অ)/(আ)/(ই)/(ঈ)/(উ) প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দত্ত প্রদান করা হইবে না এই মর্মে ০৮.১২.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৩০৬/২০১৫-২০১৬/১৮৯০ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব অমিত কুমার সাহা অত্র বিভাগের ০৮.১২.২০১৬ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব ০৪-০১-২০১৭ ইং তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব অমিত কুমার সাহা আপনাকে অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরু দত্ত প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এফক্ষে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯ (১) (খ)(আ) প্রবিধি অনুসারে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা আপনি জনাব অমিত কুমার সাহা আপনার মাসিক বেতন হইতে মূল বেতনের এক তৃতীয়াংশ হারে কর্তন করিয়া বিকেবি, নরসিংদী শাখার আয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন। যদি আপনার চাকুরীকালে উল্লিখিত টাকা সম্পূর্ণরূপে কর্তন শেষ না হয়, তাহা হইলে অবশিষ্ট অনাদায়ী টাকা আপনার প্রাপ্য অবসরান্তর সুবিধাদি হইতে এককালীন কর্তন করিয়া আয় খাতে জমা করার জন্যও আদেশ দেওয়া হইল।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব অমিত কুমার সাহা (এ-৪১৭৪)
কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
নরসিংদী শাখা
নরসিংদী।

স্বাক্ষরিত

(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৩০৬/২০১৫-২০১৬/(২০১৮-২০১৯)/ ১৬৪৪(৬) তারিখঃ ০১.১১.২০১৮ ইং
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা। আরোপিত দত্ত সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নরসিংদী। শাখা পরিদর্শনকালে উপরোক্ত রায়/আদেশ মোতাবেক ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জনাব অমিত কুমার সাহা মাসিক বেতন হইতে মূল বেতনের এক তৃতীয়াংশ হারে কর্তন করিয়া কর্তনকৃত টাকা শাখার আয় খাতে জমা করিবার বিষয়টি নিশ্চিত করণসহ জনাব অমিত কুমার সাহা এর বদলীজনিত কারণে তাহার এলগিসিতে কর্তনের বিষয়টি উল্লেখ করার জন্যও অনুরোধ করা হইল।
- ১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নরসিংদী। শাখা নিরীক্ষাকালে উপরোক্ত রায়ের বিষয়টি নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হইল।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, নরসিংদী শাখা, নরসিংদী। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব অমিত কুমার সাহা এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। এছাড়া, কর্তৃপক্ষের উপরোক্ত রায়/আদেশ মোতাবেক ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জনাব অমিত কুমার সাহা মাসিক বেতন হইতে মূল বেতনের এক তৃতীয়াংশ হারে কর্তন করিয়া কর্তনকৃত টাকা শাখার আয় খাতে জমা করিবার বিষয়টি নিশ্চিত করণসহ জনাব অমিত কুমার সাহা এর বদলীজনিত কারণে তাহার এলগিসিতে কর্তনের বিষয়টি উল্লেখ করার জন্যও অনুরোধ করা হইল।
- ১২। নথি/মহানথি/মূল নথি।

(মোঃ ওবায়দ উল্যাহ)
সহকারী মহাব্যবস্থাপক